

ছালাতুর রাসূল (ছাঃ)

বিভাগ/অধ্যায়ঃ বিভিন্ন সময়ের দো'আ সমূহ (الدعوات في الأوقات) রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

১২. ছালাতে শয়তানী ধোঁকা হ'তে বাঁচার উপায়

শয়তান ছালাতের মধ্যে ঢুকে ছালাত ও কিরাআতের মধ্যে গোলমাল সৃষ্টি করে। রাসূলুল্লাহ (ছাঃ) বলেন, এরা হ'ল 'খিনযাব' (শয়তানের একটি বিশেষ দল)। যখন তুমি এদের অস্তিত্ব বুঝতে পারবে, তখন শয়তান থেকে আল্লাহর পানাহ চেয়ে আ'ঊযুবিল্লা-হি মিনাশ শায়ত্বা-নিররাযীম বলে বাম দিকে তিনবার থুক (থুঃ থুঃ থুঃ) মারবে। রাবী ওছমান বিন আবুল 'আছ বলেন, এরূপ করাতে আল্লাহ আমার থেকে ঐ শয়তানকে দূরে সরিয়ে দেন।[104]

ফুটনোট

[104] . মুসলিম, মিশকাত হা/৭৭, 'ঈমান' অধ্যায়-১, পরিচ্ছেদ-৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9271

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন